

## সম্পাদকীয়, ফেব্রুয়ারী - ২০০৬



ফেব্রুয়ারী এলে ফাগুনের উত্তাপ লাগে মনে। স্মৃতিতে অবগাহন করি ভাষার জন্যে শহিদদের আত্মত্যাগের অপার মহিমা আর কির্তনগাঁথা। শত বছরের সংগ্রাম শেষে বাংলা ভাষা তার নিজস্ব সীমারেখা ছেড়ে আর্ন্তজাতিক অঙগনে সুদূর অবস্থান নিয়েছে, আর তাই আমরা গর্বিত। দেশে, পরবাসে যেখানেই থাকি, বাংলা আমার ভাষা, বাংলায় আমি কথা বলি, বাংলায় আমি স্বপ্ন দেখি, বাংলা আমার জীবন, বাংলা আমার মরন।

পরবাসের এ নিষ্ঠুর ব্যস্তায় আমরা শুধু আমাদের নিজেদের কথা ভাবলেই হবেনা। পরবর্তি প্রজন্ম আদৌ কি এ গৌরবজ্জল মহিমাকে প্রবাসে ধারণ করে রাখতে পারবে? আর যদি না পারে তবে এর জন্যে দায়ী কে? আর তাই পরবাসী বংবাসীদের দৃঢ়ভাবে দায়িত্ব নিতে হবে এ অর্জনকে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে বহন করার জন্যে। কারন আমরা মনে করি কোন কিছু অর্জন করা যত কঠিন তার চেয়ে কঠিন হয় তাকে সযতনে ধরে রাখা।

ভাষা শহিদদের মাসে গতানুগতিকতা থেকে একটু ভিন্নধারায় আমরা এবার সেই ভাষাসৈনিকদের স্মরণ করছি যাদের কলমের কালি শহিদদের রক্তের চেয়েও অমূল্য। সে ধারায় আমরা এবার কবি অতুল প্রসাদ সেনকে আন্তরিকভাবে স্মরণ করছি, যিনি ভাষা আন্দোলনেরও অর্ধশতাব্দি আগে লিখেছিলেন, 'মোদের গরব, মোদের আশা, আ - মরি বাংলা ভাষা'। তার কলমের প্রতিটি আঁচড়ে তিনি বাংলা ভাষার প্রতি তার নিগুঢ় ভালাবাসার স্বাক্ষর রেখে গিয়েছিলেন। ভাষাদিবসের মাস হিসেবে ফেব্রুয়ারীর প্রতি হৃষ্টায় একজন করে আমরা এরূপ বিস্মৃত আরো কয়েকজন ভাষাসৈনিককে স্মরণ করবো।

কর্ণফুলী'র পক্ষ থেকে আমরা সকল ভাষাশহীদ ও ভাষাসৈনিককে মনের সকল আকুতি দিয়ে গভীরভাবে স্মরণ করছি।

